

- ৪। রচয়িতার নামসহ বাংলা ভাষায় লেখা প্রথম চৈতন্যজীবনীকাব্যের নাম লেখো। ‘চৈতন্যভাগবত’ কাব্যের রচয়িতা বৃন্দাবনদাসের পরিচয় উল্লেখ করে চৈতন্যজীবনীকাব্যের ধারায় ‘চৈতন্যভাগবত’ কাব্যের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ১+২+৭
- ৫। মেমনসিংহ-গীতিকায় মানবপ্রেমই মুখ্য হয়ে উঠেছে — বক্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

অথবা

- ৬। শাক্ত পদাবলিতে ধর্মভাবনাকে ছাপিয়ে গেছে মানবজীবনকথা — বক্তব্যের সাপেক্ষে শাক্ত পদাবলির সাহিত্যমূল্য বিচার করো। ১০
- ৭। আরব-পারস্য সংস্কৃতি ও সাহিত্যের প্রভাবে বাংলার যেসব নতুন সাহিত্যধারা তৈরি হয়েছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

- ৮। কবির নামসহ মধ্যযুগে বাংলায় দুটি প্রণয়োপাখ্যানের নাম লেখো। এর মধ্যে যে কোনো একটি আখ্যানের সংক্ষিপ্ত পরিচয় দাও এবং এটিকে সুফি সাহিত্য হিসাবে বিবেচিত করার কারণ নির্দেশ করো। ২+৫+৩

কলা শান্তক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা**কোর্স : ইউ.জি ২.১****বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)**

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় চর্যাপদ কত খ্রিস্টাব্দে এবং কী নামে প্রকাশিত হয়েছিল? রাহুল সাংকৃত্যায়ন চর্যাপদকে কী নামে অভিহিত করেছিলেন? চর্যাপদে সমকালীন বাংলার সমাজ ও সংস্কৃতির প্রসঙ্গ কীভাবে উঠে এসেছে বুঝিয়ে দাও। ১+১+৮

অথবা

- ২। ‘বসুচন্দ্র ঋতু শশী শাক পরিমিতে / নিবসেন পদ্মবন্ধু মিথুন রাশিতে’ — রচনাকালজ্ঞাপক শ্লোকটির অর্থ বুঝিয়ে দাও। উত্তরবঙ্গের দুইজন মনসামঙ্গল কাব্যের কবির নাম লেখো। বাংলা মঙ্গলকাব্যের প্রধান লক্ষণগুলি আলোচনা করো। ৩+১+৬

- ৩। ভাগবতের বাংলা অনুবাদের ধারায় মালাধর বসু ব্যতীত দুইজন অনুবাদকের নাম লেখো। ভাগবতের কোন কোন স্কন্দ অবলম্বনে ও কত খ্রিস্টাব্দে মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যটি রচিত হয়? মালাধর বসুর কবি-পরিচয় উল্লেখ করে এই কাব্যের বিশিষ্টতার দিকগুলি আলোচনা করো। ১+১+২+৬

অথবা

[Turn over